

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৩০৮

৫/ মাসজিদ ও সালাতের স্থানসমূহের বর্ণনা (كتاب المساجد ومواضع الصلاة) পরিচ্ছেদঃ ৫/৩. কবরের উপর মসজিদ নির্মাণ নিষিদ্ধ।

النهى عن بناء المساجد على القبور

আরবী

حَدِيْثُ عَائِشَةً وَعَبْدَ اللهِ بْنَ عَبَّاسٍ قَالاَ لَمَّا نَزَلَ بِرَسُولِ اللهِ صلى الله عليه وسلم طَفِقَ يَطْرَحُ خَمِيصَةً لَهُ عَلَى وَجْهِهِ فَإِذَا اغْتَمَّ بِهَا كَشَفَهَا عَنْ وَجْهِهِ فَقَالَ وَهُوَ كَذَلِكَ لَعْنَةُ اللهِ عَلَى الْيَهُودِ وَالنَّصَارَى اتَّخَذُوا قُبُورَ أَنْبِيَائِهِمْ مَسَاجِدَ يُحَذِّرُ مَا صَنَعُوا

বাংলা

৩০৮. 'উবায়দুল্লাহ ইবনু 'আবদুল্লাহ ইবন 'উতবাহ (রহ.) হতে বর্ণিত,'আয়িশাহ ও 'আবদুল্লাহ ইবনু 'আববাস (রাযি.) বলেছেনঃ নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর মৃত্যু পীড়া শুরু হলে তিনি তাঁর একটা চাদরে নিজ মুখমণ্ডল আবৃত করতে লাগলেন। যখন শ্বাস বন্ধ হবার উপক্রম হলো, তখন মুখ হতে চাদর সরিয়ে দিলেন। এমতাবস্থায় তিনি বললেনঃ ইয়াহুদী ও নাসারাদের প্রতি আল্লাহর অভিশাপ, তারা তাদের নবীদের কবরকে মসজিদে পরিণত করেছে। (এ বলে) তারা যে (বিদ'আতী) কার্যকলাপ করত তা হতে তিনি সতর্ক করেছিলেন।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৮ সালাত, অধ্যায় ৫৫, হাঃ ৪৩৬; মুসলিম, পূর্ব ৫: মসজিদ ও সালাতের স্থানসমূহের বর্ণনা, অধ্যায় ৩, হাঃ ৫৩১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ উবাইদুল্লাহ ইবনু আবদুল্লাহ ইবন 'উতবাহ (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন